গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.০৮৬.১১.০৫২.২২-১১১

তারিখ: ২৩ মাঘ ১৪২৯ / ০৬ ফেব্রুয়ারি ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩ তম, ১৪ তম, ১৬ তম ও ২০ তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://mincom.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/- | ১১ (এগারো) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপি এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | বাংলাদেশের সকল জেলার স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/- | ০৫ (পাঁচ)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | ক্যাশিয়ার (গ্রেড-১৪) বেতনস্কেল ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, গাজিপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা তবে সকল জেলার শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪. | অফিস সহকারী-কাম কম্পিউটার-মুদ্রাক্ষরিক (গ্রেড ১৬) বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০/- | ০৮ (আট)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে | |

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| | | | Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৫. | অফিস সহায়ক (গ্রেড ২০) বেতনস্কেল ৮,২৫০-২০,০১০/- | ৩২ (বত্রিশ)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ি, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, খুলনা, যশোর, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলা তবে সকল জেলার শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ক্ষেত্রে সর্বনিম্ন বয়স ১৮ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকে আবেদনকারীর বয়স ২৫.০৩.২০২০ তারিখ সর্বোচ্চ বয়সসীমার ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ২ নম্বর ক্রমিকের শূন্য পদ পূরণে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা ২০১৯", ক্রমিক ৩ এর শূন্য পদ পূরণে 'হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮', এবং ক্রমিক ১, ৪ ও ৫ এর শূন্য পদ পূরণে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২২)," অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। এক্ষেত্রে কোনো অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

৪. সকল পদের জন্য লিখিত মৌখিক ও পরীক্ষা গ্রহণ করা হবে। ১, ২ ও ৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ৩ ও ৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার যোগ্য বিবেচিত হবেন।

৫. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

৬. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে উক্ত বক্তব্যের স্বপক্ষে আবেদনকারীকে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌর সভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

৭. **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১০. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১১. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mincom.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময় ১২ ফেব্রুয়ারি ২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০২ মার্চ ২০২৩ বিকাল ০৫:০০ ঘটিকা।

(খ) Online আবেদনপত্র প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরে সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্রে প্রদত্ত তথ্যে সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৫ নম্বর ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা আবেদনপত্র পূরণের অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

**প্রথম SMS:** **MINCOM**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **MINCOM ABCDEFGH** & send to 16222

Reply: Applicant's Name, TK-223/112 will be charged as application fee for Post Name. Your PIN is 12345678. To pay fee Type MINCOM<Space>Yes<space> PIN & send to 16222.

**দ্বিতীয় SMS:** **MINCOM**<Space>**Yes**<space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **MINCOM YES 12345678** & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for MINCOM Application for (Post Name) User ID is (ABCDEFGH) and password (XXXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mincom.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুন:রুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **MINCOM**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **MINCOM Help USER ABCDEFGH** & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে MINCOM<space>Help<space>PIN<space> PIN No & Send to 16222.

Example: **MINCOM Help PIN 12345678** & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mincom.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা admn1@mincom.gov.bd ইমেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (ই-মেইল/মেসেজ এ Subject-এ Organization Name: MINCOM, Post Name:***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

6/2/2026

মালেকা খায়রুন্নেছা
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
বাণিজ্য মন্ত্রণালয়